রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৬ সনের ৩১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৩০, ২০২৬

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৩৯—৬৪৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯২৫—৯৫৯ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৫৩—৯৬৩ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩/৮ জুলাই ২০২৬

নং **০৪.০০.০০০০.৪১৮.২৭.০০১.২৪.৩৪৪**—যেহেতু, মিজ্ আজিজা সুলতানা, প্রশাসনিক কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ-এর বিরুদ্ধে "অসদাচরণ"-এর অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

০২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী কর্তৃপক্ষ তাঁকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করেন;

০৩। সেহেতু, উক্ত বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী মিজ্ আজিজা সুলতানা, প্রশাসনিক কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ-কে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আসাদুজ্জামান**

যুগ্মসচিব (প্রশাসন)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**বাংলাদেশ নির্বাচন কমিশন**

**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩/০২ জুলাই ২০২৬

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০৫৯.২৫-৫৮১**—যেহেতু, মিজ শাহানাজ আক্তার (পরিচিতি নম্বর-১০৯২৩০৭২), নির্বাচন কর্মকর্তা জেলা নির্বাচন অফিস, নরসিংদী উপজেলা নির্বাচন কর্মকর্তা, মির্জাপুর, টাঙ্গাইল হিসেবে কর্মকালে তার বিরুদ্ধে সেবা প্রার্থীর সাথে অশোভন আচরণ ও হয়রানি করা, দায়িত্ব পালনে অবহেলা প্রদর্শন, অনিয়ম, বিলম্বে অফিসে আগমন ও নির্ধারিত সময়ের পূর্বে অফিস প্রস্থান করার অভিযোগ উত্থাপিত হয়; জনাব জাকারিয়া আহমেদ জাহিদ, পিতা-জামির হোসেন, গ্রাম-তরফপুর, মির্জাপুর, টাঙ্গাইল তার স্ত্রী মোছাঃ সামিয়া এর ভোটার নিবন্ধনের আবেদনের (ফরম নম্বর-NIDFN119124764) সাথে সংযুক্ত বৈধ কাগজপত্র জমা না নিয়ে তিনি তার সাথে দুর্ব্যবহার ও হয়রানি করেছেন; ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২৫ উপলক্ষে ২৫-০২-২০২৫ তারিখ হতে তার উপজেলায় বিভিন্ন রেজিস্ট্রেশন কেন্দ্রে ছবিসহ বায়োমেট্রিক গ্রহণে রেজিস্ট্রেশন টিমকে তিনি প্রয়োজনীয় লজিস্ট্রিক সাপোর্ট (মাউস, কিবোর্ড, জেনারেটর, মাল্টিপ্লাগ, হাবসসহ অন্যান্য ইলেক্ট্রনিক যন্ত্রপাতি) সরবরাহ করতে অনীহা প্রকাশ করেন; তিনি প্রতিটি টিমের যাতায়াতের জন্য সঠিকভাবে প্রয়োজনীয় পরিবহন ব্যবস্থা গ্রহণ করেননি; এ ছাড়াও উক্ত কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান না করে তিনি দায়িত্ব পালনে অবহেলা প্রদর্শন করেছেন;

যেহেতু, ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২৫ উপলক্ষে প্রুফ রিডিংসহ সকল কার্যক্রম সাপ্তাহিক ছুটির দিনে অফিসে উপস্থিত থাকার নির্দেশনা অমান্য করে গত ২৭ ও ২৮ জুন ২০২৫ তারিখ (শুক্রবার ও শনিবার) নিজ কার্যালয়ে অনুপস্থিত থাকায় প্রুফ রিডিং কার্যক্রম মারাত্মক বিঘ্ন ঘটে; তিনি উক্ত কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ এবং দায়িত্বশীলতার সাথে পরিচালনায় ব্যর্থতার পরিচয় দিয়েছেন; জেলা নির্বাচন কর্মকর্তার নিকট পরিলক্ষিত হয় যে, তিনি এপ্রিল/২০২৫, মে/২০২৫ এবং জুন/২০২৫ এর ১০৬টি নিবন্ধনের আবেদন (নিবন্ধন ফরম-২) পেন্ডিং রেখেছেন; এর মধ্যে প্রবাসি ভোটার জনৈক আবুল হোসেন (NIDFN118811885) এর স্ত্রী জানান যে, তার কারণে সেবা প্রার্থীরা নানাবিধ সমস্যার সম্মুখীন ও দুর্ভোগের শিকার হচ্ছেন এবং জাতীয় পরিচয়পত্রের সার্ভিস প্রশ্নবিদ্ধ হচ্ছে;

যেহেতু, দেশব্যাপী ভোটার তালিকা কর্যক্রম কর্মসূচি-২০২৫ এর নিবন্ধন কার্যক্রম, প্রুফ রিডিং ও ডাটা আপলোড সম্পন্ন হলেও প্রায় ০৩ (তিন) মাস যাবৎ ৯৮ (আটানব্বই) জন ভোটারের ডাটা বিভিন্ন সমস্যার (Data failed) কারণে মূল সার্ভারে আপলোড হয়নি; এই বিষয়ে তিনি কোনো ব্যবস্থা গ্রহণ করেনি যা আকস্মিক অফিস পরিদর্শনে ধরা পড়ে; তিনি গত ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে জাতীয় পরিচয়পত্র সংশোধন সংক্রান্ত ক্রাশ প্রোগ্রামে সকল আবেদন নিষ্পত্তি না করে ১৫০টির বেশি আবেদন তদন্তাধীন (Investigation required) অবস্থায় রেখেছেন; তিনি প্রায়শঃই বিলম্বে কর্মস্থলে উপস্থিত হন এবং নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পূর্বেই কর্মস্থল ত্যাগ করেন;

যেহেতু, প্রাথমিক অনুসন্ধানে তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর-০৪/২০২৬ রুজু করতঃ অভিযোগনামায় কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি অভিযোগনামার লিখিত জবাব প্রদান পূর্বক ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করেন; ২৮-০৬-২০২৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; শুনানিতে তিনি আত্মপক্ষ সমর্থন করেন এবং অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা পূর্বক ভবিষ্যতে অধিকতর সতর্কতার সাথে দায়িত্ব পালন করবেন মর্মে অঙ্গীকার করেন;

যেহেতু, শুনানি অন্তে নথি পর্যালোচনায় দেখা যায় যে, তিনি আবেদনকারীর দাখিলকৃত কাগজপত্র ও তথ্য যাচাই-বাছাই শেষে মোছাঃ সামিয়া এর নিবন্ধন সম্পন্ন করেছেন; ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২৫ এর সার্বিক কার্যক্রম তিনি সঠিক ও যথাসময়ে সম্পন্ন করার চেষ্টা করেছেন; সেক্ষেত্রে যান্ত্রিক ত্রুটির কারণে অপ্রত্যাশিতভাবে কিছুটা বিঘ্ন ঘটে; পারিবারিক সমস্যাজনিত কারণে দুই/এক দিন অফিসে পৌছাতে তার কিছুটা বিলম্ব হয়; এছাড়াও প্রাথমিক তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে অনৈতিক আর্থিক সংশ্লেষ পাওয়া যায়নি; রেকর্ডপত্রে ইতিপূর্বে তার বিরুদ্ধে কোনো অভিযোগ নেই; তার চাকরির ভবিষ্যত ও আনুষঙ্গিক বিষয় বিবেচনায় ক্যারিয়ারের এই পর্যায়ে নবীন কর্মকর্তা হিসেবে তাকে অধিকতর সতর্কতা ও আন্তরিকতার সাথে কাজ করার একটি সুযোগ প্রদান করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, সামগ্রিক বিবেচনায় মিজ শাহানাজ আক্তার (পরিচিতি নম্বর-১০৯২৩০৭২), নির্বাচন কর্মকর্তা, জেলা নির্বাচন অফিস, নরসিংদী (প্রাক্তন উপজেলা নির্বাচন কর্মকর্তা, মির্জাপুর, টাঙ্গাইল)-কে ভবিষ্যতে অধিকতর সতর্কতা, গুরুত্ব ও আন্তরিকতার সাথে সরকারি দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো। একই সাথে তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করতঃ বিভাগীয় মামলা নম্বর-০৪/২০২৬ নিষ্পত্তি করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আখতার আহমেদ**

সিনিয়র সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**বিশেষায়িত ব্যাংক-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩/ ২৯ জুন ২০২৬

নং **৫৩.০০.০০০০.০০০.৩২২.২০.০০০১.২৬-৮৪**—কর্মসংস্থান ব্যাংক কর্তৃক বাস্তবায়িতব্য Small Business Microfinance Fund (SBMF) শীর্ষক প্রকল্পের ব্যয় সংকুলানের লক্ষ্যে প্রদত্ত ২৫ কোটি টাকাকে ব্যাংকের পরিশোধিত মূলধন হিসেবে স্থানান্তরপূর্বক ব্যাংকটির বর্তমান পরিশোধিত মূলধন কর্মসংস্থান ব্যাংক আইন, ১৯৯৮ এর ৭(৪) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে ১৫৫৯ কোটি টাকা হতে ১৫৮৪ কোটি টাকায় নিম্নলিখিত শর্তে উন্নীত করা হলো:

(ক) ২৫ কোটি টাকার বিপরীতে বাংলাদেশ সরকারের (অর্থ বিভাগ) অনুকূলে প্রয়োজনীয় সংখ্যক সাধারণ শেয়ার ইস্যু করতে হবে; এবং

(খ) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারি সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে পরিপালন করতে হবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মিজানুর রহমান**

উপসচিব।

---

**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩/ ৩০ জুন ২০২৬

নং **৫৩.০০.০০০০.০০০.৩১১.১১.০০০১.২৬-৩৯৯**—Bangladesh Bank Order, 1972 এর Article 10(4) অনুযায়ী জনাব মোঃ সরোয়ার হোসেন, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক-কে তাঁর বর্তমান পদ থেকে স্বেচ্ছায় অবসরগ্রহণ ও অবসর-উত্তর ছুটি (পিআরএল) স্থগিতের শর্তে বাংলাদেশ ব্যাংক-এর ডেপুটি গভর্নর পদে যোগদানের তারিখ থেকে ৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

০২।এ নিয়োগের অন্যান্য শর্ত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফি উল্লাহ**

সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩/ ৩০ জুন ২০২৬

**বিষয়: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ১৯ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার জনাব সাগর আহমেদ শাহীন এর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

নং **১০.০০.০০০০.১৩১.১১.৭৭.২০০৪(১)-৯৩**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ১৯ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার জনাব সাগর আহমেদ শাহীন লালবাগ থানার মামলা নং-০৩, তারিখ-১৮-১১-২০২৫ খ্রি. (জি আর মামলা নং ১৪৭/২৫), ধারা- The Explosive Substances Act, 1908 এর ৪/৬ ধারার এজাহারভুক্ত আসামী হিসেবে পুলিশ কর্তৃক ধৃত হয়ে গত ০২-১২-২০২৫ খ্রি. তারিখ হতে হাজতবাস করায় এবং গত ৩০-১২-২০২৫ খ্রি. তারিখ হতে ২৯-০৩-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত দায়িত্ব পালনে বিরত/অনুপস্থিত থেকে মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন), ২০০৯ এর বিধি ১৭(৫) লঙ্ঘন করায় ও তা একই বিধিমালা ১১(১) বিধি অনুযায়ী গুরুতর অসদাচরণ হওয়ায় এবং এ প্রসঙ্গে তার কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় তার নামে এ বিভাগ হতে গত ১৩-১১-২০১২ খ্রি. তারিখে বিচার ৭/২ এন ৭৭/২০০৪-৭৬৯ নং স্মারকে ইস্যুকৃত নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্স বাতিল করা হলো।

একইসাথে অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোনো অধিক্ষেত্রের নিকাহ্ রেজিস্ট্রারকে বিধিমোতাবেক নিকাহ্ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ্ রেজিস্ট্রার জনাব সাগর আহমেদ শাহীন এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ্ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, ঢাকা-কে নির্দেশ প্রদান করা হলো। মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ৬ বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার বা সাব-রেজিস্ট্রারকে অবহিত করা হলো।

**বিষয়: দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলার ০৩ নং গোলাপগঞ্জ ইউনিয়নের নিকাহ্ রেজিস্ট্রার জনাব আবু মুসা আহম্মাদের লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৭২.৮৪(১)-৯৫**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলার ০৩ নং গোলাপগঞ্জ ইউনিয়নের নিকাহ্ রেজিস্ট্রার জনাব আবু মুসা আহম্মাদ অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত নং-০৫, ঢাকা কর্তৃক সি, আর ৮৬৬/২০২০ নং মামলায় পেনাল কোড, ১৮৬০ এর ৪২০ ধারায় শাস্তিযোগ্য অপরাধে দোষী সাব্যস্ত হয়ে ০২(দুই) বছর সশ্রম কারাদণ্ড এবং ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও ০১ (এক) মাসের বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত হওয়ায়; তাঁর বিরুদ্ধে আদালত স্বয়ং বাদী হয়ে পৃথক ফৌজদারি মামলা দায়েরের সিদ্ধান্ত গ্রহণ করায়; তাঁর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিলের বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য অত্র মন্ত্রণালয়ে সি. আর ৮৬৬/২০২০ নং মামলার রায় ও আদেশের অনুলিপি প্রেরণ করায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় ও এ প্রসঙ্গে তার কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় নিকাহ্ রেজিস্ট্রার জনাব আবু মুসা আহম্মাদের নামে এ বিভাগ হতে গত ০১-০৭-২০০২ খ্রি. তারিখে বিচার-৭/২-এন-৫০/৮৫-৬০৫ নং স্মারকে ইস্যুকৃত নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্স বাতিল করা হলো।

উক্ত অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোনো অধিক্ষেত্রের নিকাহ্ রেজিস্ট্রারকে বিধিমোতাবেক নিকাহ্ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ্ রেজিস্ট্রার জনাব আবু মুসা আহম্মাদ এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ্ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, দিনাজপুর-কে নির্দেশ প্রদান করা হলো। একইসাথে মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ৬ বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার দিনাজপুর/ সাব-রেজিস্ট্রার, নবাবগঞ্জ, দিনাজপুরকে অবহিত করা হলো।

**মোঃ আবদুল ওয়াহাব**

সিনিয়র সহকারী সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩/ ০২ জুলাই ২০২৬

নং **৪৬.০০.০০০০.০০০.০৬৩.১১.০০০৩.২৫-৪৯৪**—স্থানীয় সরকার বিভাগের ১৮ আগস্ট ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০. ০০০.০৬৩.২৭.০০০২.২৪-৯৯৮ নং প্রজ্ঞাপনের ৩১৪ নং ক্রমিকে বগুড়া জেলার কাহালু পৌরসভায় প্রশাসক হিসেবে নিয়োগকৃত সহকারী কমিশনার (ভূমি), কাহালু, বগুড়া এর পরিবর্তে নিম্নবর্ণিত কর্মকর্তাকে পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত কাহালু পৌরসভার প্রশাসক হিসেবে নিয়োগ করা হলো:

| জেলার নাম | পৌরসভার নাম | নিয়োগকৃত প্রশাসক-এর নাম ও পদবি |
|---|---|---|
| বগুড়া | কাহালু পৌরসভা | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা: কাহালু, জেলা- বগুড়া |

২। নিয়োগকৃত প্রশাসক স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০২৬ এর ধারা ৪২(ক) এর উপধারা (৩) মোতাবেক পৌরসভার মেয়র এর ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন।

৩। নিয়োগকৃত প্রশাসক নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে এ দায়িত্ব পালন করবেন। দায়িত্ব পালনকালীন তিনি বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন। এছাড়া, অন্য কোনো আর্থিক ও অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন না।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সগীর হোসেন**

উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**রাজনৈতিক শাখা-৭**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩/ ০৬ জুলাই ২০২৬

নং **৪৪.০০.০০০০.০৮৩.৯৯.০০০১.২০২৫.১৪**—উচ্চ-সাইবার ঝুঁকি মোকাবেলায় আইন-শৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্ট অংশীজনের মধ্যে সমন্বয় বৃদ্ধির লক্ষ্যে নিম্নরূপভাবে কমিটি গঠন করা হলো:

**সভাপতি**

১. মহাপরিচালক, এনটিএমসি

**সদস্যবৃন্দ**

২. ডাক ও টেলিযোগাযোগ বিভাগ- এর যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা

৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ- এর যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা

৪. বিটিআরসি- এর পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা

৫. এনএসআই- এর পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা

৬. ডিজিএফআই- এর পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা

৭. এসবি- এর পুলিশ সুপার পর্যায়ের একজন কর্মকর্তা

৮. সিআইডি- এর পুলিশ সুপার পর্যায়ের একজন কর্মকর্তা

৯. র‍্যাব- এর পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা

১০. জাতীয় সাইবার নিরাপত্তা এজেন্সি-এর পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা

১১.বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU)-এর পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা

১২. ব্যাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা

**সদস্য-সচিব**

১৩. রিসার্চ অ্যান্ড ডেভলপমেন্ট অফিসার, এনটিএমসি

**কার্যপরিধি**

(ক) কমিটি গঠনের তারিখ হতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সুপারিশসহ প্রতিবেদন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর দাখিল করবে।

(খ) কমিটি প্রয়োজনে যে কোনো উপযুক্ত সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কে. এম. ইয়াসির আরাফাত**

উপসচিব।

---

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৪ আষাঢ় ১৪৩৩/ ২৮ জুন ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.০৪.০০৩০.২২.৮০**—এতদ্দ্বারা আদিষ্ট হয়ে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, জামালপুর এর সুপারিশের প্রেক্ষিতে জামালপুর জেলার সরিষাবাড়ী থানার মামলা নং-০৯, তারিখ: ২১-০৯-২০২৫ খ্রি., মামলাটির আসামির বিরুদ্ধে দণ্ডবিধি, ১৮৬০-এর ২৯৫/২৯৫-ক/২৯৭ ধারার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের নিমিত্ত ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) প্রদান করা হলো।

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.০৪.০০৩০.২২.৮১**—এতদ্দ্বারা আদিষ্ট হয়ে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ এর সুপারিশের প্রেক্ষিতে সিরাজগঞ্জ জেলার সদর মামলা নং-৭০, তারিখ: ২২-১০-২০২৩ খ্রি., মামলাটির আসামি/আসামিদের বিরুদ্ধে দণ্ডবিধি, ১৮৬০-এর ধারা-২৯৫-ক/২৯৬ ধারার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের নিমিত্ত ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) প্রদান করা হলো।

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩/ ২৯ জুন ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.০৪.০০৩০.২২.৮২**—এতদ্দ্বারা আদিষ্ট হয়ে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, জামালপুর এর সুপারিশের প্রেক্ষিতে জামালপুর জেলার জামালপুর সদর থানার মামলা নং-৫৬, তারিখ: ২৬-০১-২০২৬ খ্রি., মামলাটির আসামিদের বিরুদ্ধে দণ্ডবিধি, ১৮৬০-এর ২৯৫/৩২৩/৩০৭ ধারার সাথে ২৯৫-ক ধারামতে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) প্রদান করা হলো।

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.০৪.০০৩০.২২.৮৩**—এতদ্দ্বারা আদিষ্ট হয়ে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ এর সুপারিশের প্রেক্ষিতে সিরাজগঞ্জ জেলার সদর মামলা নং-৬১, তারিখ: ২১-০৩-২০২৪ খ্রি., মামলাটির আসামির বিরুদ্ধে দণ্ডবিধি, ১৮৬০-এর ধারা-২৯৫/২৯৫ক ধারামতে অভিযোগ দাখিলের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাইমা আফরোজ ইমা**

সিনিয়র সহকারী সচিব।

---

**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩/ ০৫ জুলাই ২০২৬

নং **৪৪.০০.০০০০.০৫৭.২৭.০১৮.২২-২৪০**—জনাব মোঃ ওবায়দুর রহমান খান, সাবেক উপ-পুলিশ কমিশনার (পূর্ব), ডিএমপি, ঢাকা (বর্তমানে চাকরি হতে বরখাস্তকৃত) কর্তৃক বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-২, ঢাকায় দায়েরকৃত এটি-২০০/২০১৬ (পুরাতন), ১০৬/২০১৭ (নতুন) মামলায় প্রদত্ত গত ৩০-০১-২০২৬ তারিখের রায়/আদেশ অনুযায়ী এ মন্ত্রণালয়ের ০৪-১০-২০১৫ তারিখ স্বম(পু-১)/ব্যক্তিগত-২০/২০১১-৮৮৬ নং স্মারকমূলে জারীকৃত তাঁকে 'চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' দণ্ডাদেশটি এতদ্দ্বারা বাতিল করা হলো।

০২। তাঁর বরখাস্তকাল কর্তব্যকাল হিসাবে গণ্য হবে এবং তিনি বিধি মোতাবেক পেনশনসহ সকল প্রকার আর্থিক ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**

সিনিয়র সচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ/ ২৯ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৩২/২০২৬/কাস্টমস ৩৪৫**—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মেসার্স ট্রাইডেন্ট ট্রেডিং কোম্পানী লিমিটেড (বন্ড লাইসেন্স নং- ৫(১৩)কাবক/চট্টঃ/শীপ স্টোরস বন্ড/লাইঃ/ ০৪/২০১৪, তারিখ: ০৮-০৬-২০১৪ খ্রি.) নামীয় Ship Stores & Crew Bonded Warehouse (Duty Free Shop) প্রতিষ্ঠানের অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-১০৬/২০২৫/ কাস্টমস/৩৫৩, তারিখ: ২৪-০৯-২০২৫ খ্রি. এর মাধ্যমে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য মঞ্জুরীকৃত আমদানি প্রাপ্যতার মেয়াদ, প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায়, আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। উল্লেখ্য, উক্ত বর্ণিত মেয়াদকালে আমদানিকৃত পণ্য পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতার সাথে সমন্বয় করার শর্তে এ অনুমতি প্রদান করা হলো।

নং **৩৩/২০২৬/কাস্টমস ৩৫০**—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিবিএস ডিউটি ফ্রি নামীয় শুল্কমুক্ত বিপণি (Duty Free Shop) [বন্ড লাইসেন্স নং- ০১/কাস-পিবিডব্লিউ/ রাজশাহী/২০১৫, তারিখ: ২৮-১০-২০১৫ খ্রি.] এর অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-১৫/২০২৬/কাস্টমস/১৮০, তারিখ: ০৮-০৪-২০২৬ খ্রি. এর মাধ্যমে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য মঞ্জুরীকৃত আমদানি প্রাপ্যতার মেয়াদ, প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায়, আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। উল্লেখ্য, উক্ত বর্ণিত মেয়াদকালে আমদানিকৃত পণ্য পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতার সাথে সমন্বয় করার শর্তে এ অনুমতি প্রদান করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুরাইয়া সুলতানা**

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

**বাণিজ্য মন্ত্রণালয়**

**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩/ ০৬ জুলাই ২০২৬

নং **২৬.০০.০০০০.০০০.০৮৮.৩১.০০০৪.২৬.১২৭**—বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি ৪২ এবং ৩০০ (বি) অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন সংরক্ষণের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন বিসিএস (বাণিজ্য) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তার অনুকূলে নিম্নোক্ত শর্তে পূর্বপদে যোগদানের তারিখ হতে পূর্বতন চাকরির ধারাবাহিকতা ও বেতন সংরক্ষণের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

| ক্রমিক নং | নাম, পরিচিতি নং, পদবি ও বর্তমান কর্মস্থল | পূর্বতন চাকরির পদবি, কর্মস্থল ও যোগদানের তারিখ |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আবির হাসান (পরিচিতি নং-২৭২০২৬০০০০০২) সহকারী নিয়ন্ত্রক আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা | ইনস্ট্রাক্টর গৌরিপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ময়মনসিংহ (কারিগরি শিক্ষা অধিদপ্তর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ) যোগদানের তারিখ: ১৬-০৪-২০২৪ খ্রিঃ |

**শর্তাদি:**

ক) পূর্বপদের চাকরিকাল পেনশনযোগ্য হিসেবে গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা হবে না;

খ) এ ধারাবাহিকতা শুধুমাত্র পেনশনযোগ্য চাকরিকাল গণনার ক্ষেত্রে প্রযোজ্য হবে, বর্তমান পদে পূর্বপদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা হবে না।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ূন কবীর**
সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩/ ০২ জুলাই ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০৭৬.২৪.১৫৮**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাটির আংশিক খতিয়ানসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলোঃ

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | খতিয়ান নম্বর | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | তালপুকুরিয়া | ৯৭ | ০৩ (তিন) টি | ৮০৪, ৮০৫ ও ৯২৪ | কোটালীপাড়া | গোপালগঞ্জ | মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ১৭৭৬/২০১২ নং রিট পিটিশন নিষ্পত্তি হওয়ায়। |

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩/০৫ জুলাই ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০৭৯.২৪.১৬২**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | সিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | শিকারপুর | ৭০ | ১৪১৮ | ২ | বগুড়া সদর | বগুড়া |
| ২ | পুরান বগুড়া | ১২৩ | ১৪৫৪ | ১০ | বগুড়া সদর | বগুড়া |
| ৩ | উথরাইল | ৩৩ | ১০৬৪ | ২ | আদমদিঘী | বগুড়া |
| ৪ | চিকাশীমোহনপুর | ৩৪ | ৩৬৬২ | ৫ | ধুনট | বগুড়া |
| ৫ | বিলচাপড়ি | ৩৯ | ১৮৩৭ | ২ | ধুনট | বগুড়া |
| ৬ | বিলকাজুলি | ৪৩ | ১৩০৭ | ১ | ধুনট | বগুড়া |
| ৭ | কৃষণপুর | ৯৯ | ৭৫৮ | ২ | শেরপুর | বগুড়া |
| ৮ | কলতাপাড়া | ১২৭ | ২৯৪ | ২ | শেরপুর | বগুড়া |
| ৯ | বেগুনী | ৭১ | ৩০৩০ | ২ | গাবতলী | বগুড়া |
| ১০ | গাবতলী | ৭৩ | ১৩৩৭ | ৪ | গাবতলী | বগুড়া |
| ১১ | গোরদহ | ৭৫ | ১৬৯৬ | ১ | গাবতলী | বগুড়া |
| ১২ | হাতীবান্ধা | ৯১ | ১৮৪১ | ২ | গাবতলী | বগুড়া |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহীম মিয়াজী**
সহকারী সচিব।

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ**
**প্রশাসন-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩/ ০৭ জুলাই ২০২৬

নং **৫৪.০০.০০০০.০০০.০৪০.১৮.০০২৫.১৬.৫৩৬**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০২-২০২৬ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১. ০১৪.২৫.৫৫ নম্বর প্রজ্ঞাপনমূলে ৪৪ তম বিসিএস (রেলওয়ে: প্রকৌশল) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ জয়নুল আবেদীন নিশাত, সহকারী যন্ত্র প্রকৌশলী (প্রবেশনার), রেলওয়ে ট্রেনিং একাডেমি, হালিশহর, চট্টগ্রাম-এর খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন খাদ্য অধিদপ্তরে সহকারী রক্ষণ প্রকৌশলী (৯ম গ্রেড) পদে ১৫-০১-২০২৫ তারিখ হতে ০৮-০২-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০১ বছর ২৫ দিন পূর্বের চাকুরিকাল বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর) পার্ট-১ এর ৪২ এবং ৩০০(বি) বিধির আলোকে বর্তমান চাকুরির সাথে গণনাপূর্বক বেতন সংরক্ষণ ও পেনশনযোগ্য চাকুরিকাল গণনার অনুমতি প্রদান করা হলো। তবে বর্তমান পদে পূর্বের চাকুরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কামরুল হাসান**
উপসচিব।